

দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়
১ সেগুনবাগিচা, ঢাকা-১০০০

ওয়েব সাইট: www.acc.org.bd

পুনঃদরপত্র বিজ্ঞপ্তি

১. পুনঃদরপত্র বিজ্ঞপ্তি নং দুদক/প্রশাঃ ও লজিঃ/৯১/০৮(অংশ-১)/৮৩৬২ তারিখ: ০২/০৫/২০১১
২. সংস্কার নাম : দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা ।
৩. চাহিদাকৃত যানবাহনের বিবরণ : দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকার কর্মকর্তা ও কর্মচারীগণের অফিসে যাতায়াতের জন্য অনধিক ০৫(পাঁচ) বছর ব্যবহৃত হয়েছে এমন সিএনজি চালিত ১২-১৪ আসন বিশিষ্ট ০৯(নয়) টি Climate Controlled মাইক্রোবাস ভাড়া ।
৪. দরপত্রের ধরণ : খোলা দরপত্র ।
৫. কার্যকাল : ০১(এক) বছর (১ জুলাই ২০১১ থেকে ৩০ জুন ২০১২ পর্যন্ত) । তবে যে কোন পক্ষ ০১ (এক) মাসের নোটিশের মাধ্যমে গাড়ী ভাড়ার চুক্তি বাতিল করতে পারবে ।
৬. দরদাতার যোগ্যতা : দরপত্র সিডিউলে বর্ণিত সকল শর্তাদি প্রতিপালন ।
৭. দরপত্র সিকিউরিটি : দরপত্রের সাথে সিকিউরিটি হিসেবে প্রতিটি মাইক্রোবাসের জন্য ১৩,০০০/- (তের হাজার) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার যে কোন বাণিজ্যিক ব্যাংক (সিডিউল ব্যাংক) হতে সহকারী পরিচালক (অর্থ ও হিসাব), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা-এর অনুকূলে দাখিল করতে হবে । অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে ।
৮. দরপত্র সিডিউলের মূল্য : প্রতিটি দরপত্র সিডিউলের মূল্য ১,০০০/- (এক হাজার) টাকা (অফেরৎযোগ্য) ।
৯. দরপত্র সিডিউল প্রাপ্তির স্থান : দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ১সেগুনবাগিচা, ঢাকা-১০০০ ।
১০. দরপত্র সিডিউল বিক্রয়ের শেষ তারিখ ও সময় : ১৯/০৫/২০১১ তারিখ অফিস চলাকালীন ।
১১. দরপত্র সিডিউল গ্রহণের তারিখ ও সময় : ২২/০৫/২০১১ তারিখ বেলা ১১.০০ ঘটিকা পর্যন্ত ।
১২. দরপত্র খোলার স্থান, তারিখ ও সময় : দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়ে পরিচালক (অর্থ ও হিসাব) এর অফিস কক্ষে আগামী ২২/০৫/২০১১ তারিখ দুপুর ১১.৩০ ঘটিকায় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে ।
১৩. যানবাহন সরবরাহের সময়সীমা : কার্যাদেশ প্রাপ্তির তারিখ হতে ১৫(পনের) দিনের মধ্যে ।
১৪. শর্তাবলী :
- দাখিলকৃত দরপত্রের কার্যকারিতা (Validity) দর প্রস্তাব খোলার তারিখ হতে ১২০ (একশত বিশ) দিন পর্যন্ত বহাল থাকবে ।
 - দরপত্র দাতাকে দরপত্রের সাথে নির্ধারিত “দর প্রস্তাব তফসিল” ছকে অংক ও কথায় দর উল্লেখ করতে হবে এবং লিখিত দরে কোন প্রকার ঘষামাজা বা উপরিলিখন গ্রহণযোগ্য হবে না ।
 - দরদাতাকে দরপত্রের সাথে গাড়ীর হালনাগাদ ব্লু-বুক, ফিটনেস সার্টিফিকেট, ট্যাক্স টোকেন, ইন্স্যুরেন্স সার্টিফিকেট ও আনুষংগিক কাগজপত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে । দরদাতাকে দরপত্রের সাথে এ মর্মে অংশীকার নামা সংযুক্ত করতে হবে যে, কৃতকার্য দরদাতা হিসেবে চুক্তিপত্র স্বাক্ষরের জন্য পত্র জারীর ০৭(সাত) দিনের মধ্যে গাড়ীর উল্লিখিত কাগজপত্রের মূল কপি জমা প্রদান করা হবে । অন্যথায় দরপত্র সিকিউরিটির অর্থ সরাসরি বাজেয়াপ্ত করা হবে ।
 - দরদাতাকে দরপত্রের সাথে ভ্যাট, রেজিস্ট্রেশন এবং টিআইএন সার্টিফিকেটসহ হালনাগাদ আয়কর পরিশোধের সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে ।
 - সীলমোহরকৃত খামের উপর কাজের নাম এবং পার্শ্বে দরদাতার নাম ও ঠিকানা, টেলিফোন নম্বর পরিষ্কারভাবে উল্লেখ করতে হবে ।
 - গাড়ীর জ্বালানী, গাড়ী চালকের বেতন ভাতা, গাড়ীর রক্ষণাবেক্ষণ ও মেরামত, লাইসেন্স, বীমা ইত্যাদির ব্যয়ভার গাড়ী সরবরাহকারীকে বহন করতে হবে ।
 - প্রতিটি গাড়ী সরকারী ছুটির দিন বাদে নিয়মিতভাবে কর্মকর্তা ও কর্মচারীদের অফিসে যাতায়াতের জন্য ব্যবহৃত হবে, হরতাল/অবরোধ বা অনুরূপ কোন কারণে গাড়ী সম্পূর্ণরূপে বন্ধ থাকলে ঐ দিনের ভাড়া প্রদেয় হবে না ।
 - যে কোন গাড়ী কোন দিন বিকল হলে এবং তাৎক্ষণিকভাবে প্রতিস্থাপন করা না হলে সে দিনের ভাড়া আনুপাতিক হারে কর্তন করা হবে ।
 - গাড়ী ব্যবহারকালীন কোন প্রকার দুর্ঘটনা/অপ্রত্যাশিত ঘটনায় তৃতীয় পক্ষের কোন প্রকার ক্ষয়ক্ষতি হলে এর দায় গাড়ী সরবরাহকারীকে বহন করতে হবে, ব্যবহারকারী কর্তৃপক্ষ কোন প্রকার দায় দায়িত্ব বহন করবে না ।
 - কৃতকার্য দরদাতাকে কার্যাদেশ প্রাপ্তির ১৫(পনের) কার্যদিবসের মধ্যে গ্রহণযোগ্য গাড়ী প্রদান করতে হবে । অন্যথায় সিকিউরিটির টাকা বাজেয়াপ্তসহ কার্যাদেশ বাতিল করা হবে । গৃহীত বিলের উপর সরকারী বিধি মোতাবেক ভ্যাট, আয়কর ইত্যাদি কর্তন করা হবে ।
 - দরপত্রের সাথে অবশ্যই দরপত্র সিডিউল ক্রয়ের মূল রশিদ সংযুক্ত করতে হবে ।
 - কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা কমিশন সংরক্ষণ করে ।
 - দরপত্র তফসিলসহ বিস্তারিত তথ্য দুর্নীতি দমন কমিশনের ওয়েব সাইটে (www.acc.org.bd) পাওয়া যাবে ।

মোঃ আবদুল ওয়াদুদ
পরিচালক (অর্থ ও হিসাব)